

তারিখ... ২০... কক্ষ... ২...

NOV. 27 2002

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির খবর

**ঢাকা বিশ্ববিদ্যালয়** প্রতিবছর সাতটি অনুষদের বিভিন্ন বিভাগে সর্বমোট ৪ হাজার ৩৪৮ জন ছাত্র-ছাত্রী ভর্তি করে থাকে। ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণের তারিখ ঘোষণা করেছে। আগামী ১৭ ডিসেম্বর ২০০২ ইং তারিখ থেকে ২০০২-২০০৩ সেশনের প্রথম বর্ষ (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণ শুরু হবে। ভর্তি পরীক্ষা শুরু হবে ১৭ জানুয়ারী ২০০৩ ইং থেকে। গতবারের মত এবারও ৪টি ইউনিটের মাধ্যমে সাতটি অনুষদের ৪৯টি বিভাগ ও ৩টি ইন্সটিটিউটে সর্বমোট ৪ হাজার ৩৪৮ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। 'ক' ও 'খ' ইউনিট কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ টিএসসির জনতা ব্যাংক, 'গ' ইউনিট বাণিজ্য অনুষদ প্রশাসনিক ভবনের সোনালী ব্যাংক, 'ক' ইউনিট বিজ্ঞান ও জীব বিভাগ অনুষদ কার্জন হলের অম্বাণী ব্যাংক থেকে ভর্তি আবেদনপত্র সংগ্রহ করতে পারবে। প্রতি ইউনিটের ভর্তি আবেদনপত্রের মূল্য ধরা হয়েছে ২৫০ টাকা। আগামী ৯ই জানুয়ারী ২০০৩ ইং পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করে জমা দেয়া যাবে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, এবারের এইচএসসি পরীক্ষার ফল বিপর্যয়ের কারণে বিভিন্ন ইউনিটে আবেদনের যোগ্যতার নম্বর কমানোর কথা গোপা গোলেও শেষ পর্যন্ত এ ব্যাপারে আপের সিদ্ধান্তই বহাল রাখা হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী ১৭ জানুয়ারী গ ইউনিট, ২৪ জানুয়ারী ঘ ইউনিট, ৩১ জানুয়ারী ক ইউনিট এবং ৭ ফেব্রুয়ারী 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**আবেদন যোগ্যতাঃ** (১) যে সকল শ্রেণী ২০০১ ও ২০০২ সনের এইচএসসি বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা থেকে ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে তারা আবেদন করতে পারবে।

(২) বিজ্ঞান বা 'ক' ইউনিটে আবেদনের জন্য এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ন্যূনতম ১৩৫০ নম্বর থাকতে হবে।

(৩) মানবিক বা 'খ' ইউনিটে আবেদনের জন্য এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম সর্ব-মোট ১১৫০ নম্বর পেতে হবে।

(৪) বাণিজ্য শাখা বা 'গ' ইউনিটে

আবেদনের জন্য এসএসসি ও এইচএসসিতে মোট ১১৫০ নম্বর পেতে হবে।

(৫) বিভাগ পরিবর্তনীয় ইউনিট বা 'ঘ' ইউনিটে আবেদনের জন্য বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসিতে ন্যূনতম সর্বমোট ১৩৫০, মানবিক শাখায় ১১৫০ এবং বাণিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের ন্যূনতম সর্বমোট ১১৫০ নম্বর পেতে হবে। এছাড়া এইচএসসি পরীক্ষায় বাংলা ও ইংরেজীতে গড়ে কমপক্ষে ৫০% নম্বর বা মোট ২০০ নম্বর পেতে হবে।

(৬) এছাড়া যে সকল শিক্ষার্থী জি.সি.ই 'ও' সেভেনেলে অন্তত চারটি বিষয়ে এবং ২০০১ বা ২০০২ সনের 'এ' সেভেনেলে বিজ্ঞান, মানবিক, বাণিজ্যের অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং উপরিতক্ত ছয়টি বিষয়ের মধ্যে চারটি বিষয়ে অন্তত 'বি' গ্রেড এবং অপর দুইটি বিষয়ে অন্তত 'সি' গ্রেড পেয়েছে তারাও আবেদন করতে পারবে।

**পরীক্ষা পদ্ধতিঃ** ভর্তি পরীক্ষা হবে এমসিকিউ (MCQ) পদ্ধতিতে মোট ১০০ নম্বরের জন্য ১০০টি প্রশ্ন থাকবে। ক ইউনিটের পরীক্ষার সময় থাকবে ১ ঘণ্টা ৩০ মিনিট। অন্যান্য ইউনিটের সময় থাকবে ১ ঘণ্টা।

**নম্বর বন্টনঃ** (১) 'খ' ও 'ঘ' ইউনিটেঃ বাংলা-২৫, ইংরেজী ২৫, সাধারণ জ্ঞান-৫০।

(২) 'গ' ইউনিটেঃ বাংলা-২৫, ইংরেজী-২৫, হিসাব বিজ্ঞান-২৫, ব্যবসায়নীতি ও প্রয়োগ-২৫।

(৩) 'ক' ইউনিটেঃ পদার্থ-২৫, রসায়ন-২৫, গণিত-২৫, জীববিজ্ঞান-২৫। তবে যাদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে এই বিষয়গুলোর একটি অথবা দুই বিষয় ছিল না তারা বাংলা অথবা ইংরেজী উত্তর করতে পারবে।

**মেধা তালিকা প্রণয়নঃ** মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় মোট নম্বরের ৪ শতাংশ, উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় মোট নম্বরের ৬ শতাংশ এবং ভর্তি পরীক্ষায় মোট নম্বর ১০০-এর প্রাপ্ত নম্বর ধরে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষায় পাস নম্বর ৪০। উল্লেখ্য মেধা তালিকা অনুযায়ী প্রতিটি ইউনিটের নির্ধারিত আসনে ছাত্র-ছাত্রীরা ভর্তির সুযোগ পাবে।

□ মোঃ ওয়ালিয়ার রহমান